



# ST. LAWRENCE HIGH SCHOOL



A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, BALLYGUNGE CIRCULAR ROAD, KOLKATA- 700019

CLASS – I

TERM – SECOND

SUBJECT- BENGALI ANSWER WORKSHEET – 13

DATE – 11.09.2020

## Topic – বোধপরীক্ষণ

### নীচের অংশটি পড়ে উত্তর লেখো।

একটি হরিণ নদীতে জল খাওয়ার পর নদীর জলে সে নিজের ছায়া দেখতে পেল। বিরাট আঁকাবাঁকা শিং এর ছায়া দেখে তার মনটা গর্বে ভরে উঠলো। হঠাৎ তার চোখ পড়লো তার নিজের সরু সরু পায়ের দিকে। সে খুব লজ্জা পেল। এমন সময় একটি সিংহ তাকে তাড়া করলো। সিংহের তাড়া খেয়ে হরিণ খুব জোরে দৌড়াতে লাগলো। হঠাৎ একটি ঝোপের মধ্যে হরিণের শিং আটকে গেল আর সিংহটি তাকে ধরে ফেললো। তখন হরিণটি বুঝতে পারল যে পাগুলো দেখে সে লজ্জা পেয়েছিলো, সেগুলো ছিল তার বিপদের সহায়। যে শিং ছিল তার গর্বের সেটিই হল তার মৃত্যুর কারণ।

১) উপরের অংশটি থেকে নিয়ে ও – কার দিয়ে দুটি বানান লেখো।

উঃ চোখ, জোর

২) উপরের অংশটি থেকে নিয়ে অ – কার দিয়ে দুটি বানান লেখো।

উঃ জল, সময়

৩) উপরের অংশটি থেকে কথা নিয়ে খালি ঘরে লেখো।

ক) যে শিং ছিল তার গর্বের সেটিই হল তার মৃত্যুর কারণ।

খ) হঠাৎ তার চোখ পড়লো তার নিজের সরু সরু পায়ের দিকে।

৪) বাক্য রচনা করো।

ক) দৌড় – আমার দাদা খুব জোরে দৌড়াতে পারে।

খ) বিরাট – আমাদের বাগানে একটি বিরাট আম গাছ আছে।

৫) উত্তর লেখো।

ক) হরিণটি কখন এবং কোথায় নিজের ছায়া দেখতে পেয়েছিল?

উঃ হরিণটি নদীতে জল খাওয়ার পর নদীর জলে সে নিজের ছায়া দেখতে পেয়েছিল।

খ) হরিণের শিং কোথায় আটকে গিয়েছিল?

উঃ হঠাৎ একটি ঝোপের মধ্যে হরিণের শিং আটকে গিয়েছিল।